

www.mopagov.gov.bd
১৯/১১/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, নরসিংদী
জুডিসিয়াল মুন্সিখানা
www.narsingdi.gov.bd

১৯/১১/২৪
তারিখ: ১৯/১১/২৪
০৬ অগ্রহায়ণ ১৪৩১
২১ নভেম্বর ২০২৪

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১১.৩১.০০৫.২৪-৬১৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা নরসিংদী জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত নবায়ন করা হবে। সকল বৈধ লাইসেন্সধারীকে তাদের নবায়নের জন্য সরকার নির্ধারিত ফি, ১৫% ভ্যাট এবং ১০% আয়কর নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লি: নরসিংদী'র প্রধান শাখা/কোর্ট বিল্ডিং শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি, লাইসেন্স এর মূলকপি, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমা রশিদ) নির্ধারিত তারিখ, সময় ও স্থানে নবায়নের লক্ষ্যে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। এ সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট লাইসেন্সধারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত কর্মসূচি প্রণয়ন করা হলো। জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী এর পক্ষে ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুডিসিয়াল মুন্সিখানা/ছুটিকালীন প্রতিভূ, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীকে লাইসেন্স নবায়ন করার ক্ষমতা প্রদান করা হলো।

২০২৫ সালের জন্য ফি এবং সংশ্লিষ্ট কোডসমূহ

ক্র: নং	আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি	ফি জমা প্রদানের অর্থনৈতিক কোড ও ফি'র পরিমাণ
১	পিস্তল/ রিভলবার	১০,০০০/- (দশ হাজার)	১৪২২১০২ (আগ্নেয়াস্ত্র লাইসেন্স/নবায়ন ফি), অনলাইন (ই চালান)
২	রাইফেল/ শটগান/ বন্দুক	৫,০০০/- (পাঁচ হাজার)	১১৪১১০১ (ভ্যাট ১৫%), অনলাইন (ই চালান)
৩	প্রতিষ্ঠান পর্যায়ে (লং ব্যারেল)	১০,০০০/- (দশ হাজার)	১১১১১০১ (আয়কর ১০%), অনলাইন (ই চালান)

লাইসেন্স নবায়নের তারিখ, সময় ও স্থান

জেলার নাম	লাইসেন্স নবায়নের তারিখ ও সময়	নবায়নের স্থান
নরসিংদী	০১-৩১ ডিসেম্বর ২০২৪ সকাল: ১০.০০ হতে বিকাল: ৪.০০ টা	জুডিসিয়াল মুন্সিখানা, রুম নং-৩১৩ জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন : +৮৮০২৯৪-৬২৫০০

ই-মেইল: dcnarsingdi@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১১.৩১.০০৫.২৪-৬১৩(১৪৩)

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩১
২১ নভেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট----- (সকল)
- ৪। পুলিশ সুপার,----- (সকল)
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক/ বিজ্ঞ ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
- ৬। প্রশাসক, নরসিংদী/ মাধবদী/ ঘোড়াশাল পৌরসভা, নরসিংদী (স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৭। প্রশাসক, উপজেলা পরিষদ,----- (সকল), নরসিংদী (স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল), নরসিংদী (তার প্রশাসনিক অধিক্ষেত্রে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৯। প্রশাসক, শিবপুর/ মনোহরদী/ রায়পুরা, নরসিংদী (স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১০। সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা, জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, নরসিংদী (তাকে ২০২৫ সালের নবায়ন কার্যক্রম সম্পন্ন করার অনুরোধসহ)।

- ১১। অফিসার ইনচার্জ----- (সকল) থানা, নরসিংদী (তার থানাধীন আয়োজিত লাইসেন্সধারীগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে নিজ নিজ লাইসেন্স নবায়ন করার বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। জেলা তথ্য অফিসার, নরসিংদী (বিজ্ঞপ্তি নরসিংদী জেলার অধিক্ষেত্রে বহল প্রচার করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নরসিংদী সদর, নরসিংদী (বিজ্ঞপ্তি জেলা প্রশাসন, নরসিংদী'র ওয়েব পোর্টাল এবং ফেসবুক (Facebook) পেজে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক----- ব্যাংক লি: (তার আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সম্পাদক, দৈনিক গ্রামীণ দর্পন পত্রিকা, নরসিংদী (বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় সৌজন্য হিসেবে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৬। ক্যাবল অপারেটর, নরসিংদী কেবল নেটওয়ার্ক, ডেলানগর, সদর, নরসিংদী (বিজ্ঞপ্তি নরসিংদী ক্যাবল নেটওয়ার্ক-এ বহল প্রচারের অনুরোধ করা হলো।
- ১৭। জনাব-----, নরসিংদী

Mosam
22.11.28
জেলা ম্যাজিস্ট্রেট
নরসিংদী